# 11185 - যে নারী অনাদায়কৃত রোযাগুলোর কাযা পালন করেনি

প্রশ্ন

মাসিকের কারণে আমার যে রোযাগুলো ছুটে গেছে আমি সেগুলোর কাযা পালন করিনি। আমি হিসাব করতে পারছি না। এখন আমি কী করব?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

মুসলিম বোন, আপনার উচিত রোযার সংখ্যা নির্ধারণে সচেষ্ট হওয়া। প্রবল ধারণা অনুযায়ী আপনি যতটি রোযা রাখেননি সে সংখ্যক রোযা রাখা এবং আল্লাহ্‌র কাছে তাওফিক চেয়ে দোয়া করা। আল্লাহ্‌তাআলা বলেন: "আল্লাহ্‌ কাউকে তার সাধ্যের বাইরে দায়িত্বারোপ করেন না।"[সূরা বাক্বারা, ২:২৮৬] আপনি সচেষ্ট হোন, নিজের ব্যাপারে সতর্কতা অবলম্বন করুন; যাতে করে আপনার কাছে যে সংখ্যার ব্যাপারে প্রবল ধারণা হয় যে, আপনি এ রোযাগুলো রাখেননি সে রোযাগুলো রাখুন এবং আল্লাহ্‌র কাছে তাওবা করুন।

আল্লাহ্‌ই তাওফিকদাতা।